

Rani Rashmoni Green University
Tarakeswar, Hooghly
M.A. 1st Semester Examination 2025 (CBCS)

[বাংলা বিষয় অন্তর্গত কোর কোর্স]
প্রাগাধুনিক ও উনিশ শতকের কাব্য কবিতা
পত্র : ১০২

সময় – ২ ঘণ্টা

মান – ৪০

[দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও]

একক : ১

মান : ২০

১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

১x১০ = ১০

ক) বিশুদ্ধ সাহিত্যিক প্রেরণা থেকে সৃষ্টি না হলেও চর্যাপদের সাহিত্যমূল্য অগ্রাহ্য করা যায়না—মন্তব্যটির যথার্থতা বিচার করো।

খ) পাঠ্য যে-কোনো একটি চর্যাপদের গূঢ়ার্থ ব্যাখ্যা করো।

২) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

১x১০ = ১০

ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের বড়াই (বড়ায়ি) তার 'দূতী' পরিচয়কে অতিক্রম করে স্নেহ-মমতায় পরিপূর্ণ জননী চরিত্র হয়ে উঠেছে "—— তোমার পঠিত খণ্ডগুলি অনুসারে মন্তব্যটির যথার্থতা বিচার করো।

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য একাধারে আখ্যানধর্মী, গীতিধর্মী ও নাট্যধর্মী — এই মন্তব্যের নিরিখে 'বংশীখণ্ডে'র নাট্যগুণ আলোচনা করো।

একক : ২

মান : ২০

১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

১x১০ = ১০

ক) "কবি মধুসূদনের জীবনলব্ধ অনুভূতি রাবণের আর্তির মধ্যে মিশে গেছে। রামায়ণ-কথার রাবণ সর্বতোভাবে নতুন হয়ে উঠেছেন প্রধানত কালের মাত্রাকে ব্যক্তি-প্রতীকে ধারণ করে।" — 'মেঘনাদবধ কাব্য' সম্পর্কে এই মত কতদূর সমর্থনযোগ্য, তা যুক্তিসহ আলোচনা করো।

খ) 'মেঘনাদবধ কাব্য'-এ পাশ্চাত্য প্রভাব সম্পর্কে আলোচনা করো।

২) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

১x১০ = ১০

ক) তত্ত্বমূলক গীতিকবিতা হিসেবে 'সুখ' কবিতাটির শিল্প সার্থকতা বিচার করো।

খ) পুরাণের অনুষ্ঙ্গগুলি উনিশ শতকের গীতিকবিতাগুলিকে কীভাবে সমৃদ্ধ করেছে, তা পাঠ্য কবিতাগুলি অবলম্বনে আলোচনা করো।